



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।

কলেজ কোড : ৪৮৭৫
বিএমটি কোড : ৫৪০৪৪
জা.বি : ৫৩২০
EIIN : 114064

www : ibrahimkhangovcollege.edu.bd, মোবাইল ফোন নম্বর : ০১৭৯৮ ৫৪৭৪৩৩

তারিখ : ৭ই মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২১শে জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি


ইব্রাহীম খাঁ সরকারি কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বাংলা, অর্থনীতি, সমাজকর্ম, মনোবিজ্ঞান, প্রাণিবিদ্যা, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান বিষয়ে প্রাথমিক অনলাইন ভর্তি আবেদন কার্যক্রম ২১/০১/২০২৫ তারিখ বিকেল ৪.০০ হতে ২৮/০২/২০২৫ তারিখ পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) হতে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা ০২/৩/২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত হিসাবে অবশ্যই জমা দিতে হবে।

* "sonali eSheba" মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে Application Fee Collection' সিলেক্ট করে অথবা <https://sbl.com.bd:7070/> লিংকে প্রবেশ করে "National University Fees" মেন্যু থেকে Application Fee Collection" সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত payment Slip এবং Download-কৃত আবেদন ফরমে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে ০২/৩/২০২৫ তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।

* ভর্তি পরীক্ষা ০৩ মে ২০২৫ শনিবার সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের ০৭ (সাত) দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Application Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, প্রবেশপত্রে ভর্তি রোল নম্বর ও পরীক্ষার কেন্দ্রের নাম উল্লেখ থাকবে।

* পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ডসহ সকাল ১০.৩০ মিনিটের মধ্যে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী প্রয়োজনে সাইটিকফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে; তবে মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনতে পারবে না।

* বিজ্ঞপ্তিত জানার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) অথবা ০১৭৫৯০৫০৫১৫ নং Help Line-এ যোগাযোগ করা যেতে পারে।



অধ্যক্ষ

ইব্রাহীম খাঁ সরকারি কলেজ

ভূঞাপুর, টাঙ্গাইল।

e-mail : ikgc1948@gmail.com

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ ;
- ২। বিভাগীয় প্রধান, বিভাগ, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ ;
- ৩। জনাব ;
- ৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;
(কলেজ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। প্রধান সহকারী, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ ;
- ৬। হিসাব রক্ষক, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ ;
- ৭। নোটিশ বোর্ড
- ৮। সংরক্ষণ নথি।